18 APR 1995

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 18 APR 1995 ...
পৃষ্ঠা ৮ কলাম ৭ ......

84



সেনাবাহিনী প্রধান লেফটেন্যান্ট জেনারেল আবু সালেহ মোহাম্মদ নাসিম (বীর বিক্রম) রাজেন্দ্রপুর পাবলিক স্কুল ও কলেজের ভিত্তি প্রস্তরের ফলক উন্মোচনের পর মোনাজাত করছেন

## রাজেন্দ্রপুর ক্যান্টনমেন্ট

# পাবলিক স্কুল ও কলেজের ভিত্তিপ্রস্তর স্থাপন

রাজেন্দ্রপুর ক্যান্টনমেন্ট স্কুল ও কলেজের ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠান রবিবার অনুষ্ঠিত হয়। সেনাবাহিনী প্রধান লেফটেন্যান্ট জেনারেল আবু সালেহ মোহাম্মদ নাসিম (বীর বিক্রম) সকালে রাজেন্দ্রপুর সেনানিবাসে প্রধান অতিথি হিসাবে এ অনুষ্ঠানে উপস্থিত থেকে স্কুলের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। এ উপলক্ষে বিশেষ মোনাজাতও করা হয়।

বক্তৃতাকালে সেনাবাহিনী প্রধান বলেন, শিক্ষার মান, পাঠদান পদ্ধতি, শিক্ষার পরিবেশ, নিয়ম-শৃঙ্খলা এবং সর্বোপরি অধিকতর ভাল ফলাফলের জন্য প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে, যাতে করে সেনানিবাসের সকল স্কুল ও কলেজ দেশের সেরা শিক্ষা প্রতিষ্ঠানের সারিতে দাঁড়াতে পারে। তিনি দৃঢ় আস্থা প্রকাশ করে বলেন যে, সকলের সম্মিলিত ও নিরলস প্রচেষ্টায় নির্মীয়মাণ এই পাবলিক স্কুল ও কলেজটি সুপরিচিত প্রতিষ্ঠান হিসাবে গড়ে উঠতে সক্ষম হবে।

তিনি উল্লেখ করেন, সরকার ঢাকা, গাজীপুর, ময়মনসিংহ ও সিলেটে মেয়েদের জন্য একটিসহ যে চারটি পাবলিক স্কুল ও কলেজ নির্মাণের প্রকল্প নিয়েছে তারই আওতায় রাজেন্দ্রপুর পাবলিক স্কুল ও কলেজ নির্মাণ করা হচ্ছে। তিনি বলেন, এই শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শুধু সামরিক বাহিনীর সদস্যদের সন্তানরাই নয়, বেসামরিক জনগণের সন্তানরাও শিক্ষার সুযোগ পাবে। তিনি আরও বলেন এ প্রকল্পের আওতায় শিক্ষাভবন, বিজ্ঞানভবন, অডিটরিয়াম, বাস্কেটবল খেলার মাঠ এবং শিক্ষক-কর্মচারীদের জন্য বাসস্থান নির্মিত হবে। তিনি মন্তব্য করেন, বড় বড় ভবন আর অন্যান্য সুযোগ-সুবিধাই প্রতিষ্ঠানের মান নির্ধারক নয়। বরং শিক্ষা প্রতিষ্ঠানের মান নির্ভর করে ভাল ফলাফলসহ একজন নীতিবান ছাত্র তৈরির ওপর। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বাংলাদেশ সেনাবাহিনীর প্রিন্সিপাল স্টাফ অফিসারসহ ঊর্ধতন অফিসারবৃন্দ উপস্থিত ছিলেন। আইএসপিআর।